গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ইসরাত চৌধুরী<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৮ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০:৩০ টা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফরম |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ) কে অনুরোধ করা হলে নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করা হয়:

**১.০ আলোচ্য বিষয়ঃ** সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।

**১.১ আলোচনাঃ** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৪ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করেন। এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন, ২৬ সেপ্টেম্বর ২০২২ সময়ে সর্বশেষ এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক সচিব মহোদয়ের অনুমোদনক্রমে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ ছাড়াও সুরক্ষা সেবা বিভাগের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ বিভাগের সকল কর্মকর্তাকে দাপ্তরিক ই-মেইল এবং ই-নথি মারফত প্রেরণ করা হয়েছে এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির উপর কোন মতামত থাকলে তা আইসিটি সেলে প্রেরণের অনুরোধ করা হয়।

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার ৬, ১৫, ১৬ ক্রমে উল্লেখিত সেবাসমূহ বহিরাগমন-৫ শাখার আওতাভুক্ত এবং অভ্যন্তরীন সেবার ১৩ থেকে ২৬ ক্রমসমূহের সাথে ৪৭ ক্রম উল্লেখিত সেবাটি প্রশাসন-২ শাখার আওতাভূক্ত হওয়ায় একই ক্রমে রাখা যেতে পারে। বহিরাগমন-৩ শাখার ১২ ক্রমে উল্লিখিত সেবার নাম স্পষ্টীকরণের জন্য বহিরাগমন-৩ শাখার শাখা প্রধানের মতামতের ভিত্তিতে সেবার নাম 'স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র' এর পরবর্তে 'স্পেনে গমনেচ্ছু/অবস্থানরতদের পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান' করা প্রয়োজন। এছাড়াও প্রশাসন ১ ও ৩ শাখা, আইন ১ ও ২ শাখা, বহিরাগমন-৪ শাখা, পরিকল্পনা-২ শাখা এবং পরিকল্পনা অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হওয়ায় নতুন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্যাদি সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে হালনাগাদ করা প্রয়োজন।

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন, এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনাপূর্বক নিম্নলিখিত তথ্যাদি পাওয়া গিয়েছে:

**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর:**

ক. লেখার ফন্ট সুন্দর এবং এলাইন্টমেন্ট সঠিক রাখা যেতে পারে;

খ. নাগরিক সেবার 'সেবা প্রদান পদ্ধতি' কলামে বুলেট পয়েন্ট করার প্রয়োজন নেই;

গ. মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতির মূল ক্রম সঠিক রাখা প্রয়োজন;

ঘ. জিআরএস অংশ সঠিক করা প্রয়োজন;

ঙ. সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য সঠিকভাবে রাখা প্রয়োজন;

চ. ক্যাম স্ক্যানার দিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি স্ক্যান করা যাবে না।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:**

ক. ভিশন/মিশন, রূপকল্প/অভিলক্ষের ক্রম সঠিক করা প্রয়োজন;

খ. ক্রম ২ এর হেডিং সঠিক করা প্রয়োজন;

গ. আওতাধীন অফিসসমূহের সেবাসমূহ লিংক করে দিতে হবে;

ঘ. জিআরএস অংশ সঠিক করা প্রয়োজন;

ঙ. জিআরএস অংশ এবং আপনার কাছে আমাদের প্রত্যাশা অংশের ক্রম সঠিক করা প্রয়োজন।

**কারা অধিদপ্তর:**

ক. সেবা প্রদান প্রতিশ্রুতির প্রথম পাতায় ফরওয়ার্ড পত্রের প্রয়োজন নেই;

খ. সেবা প্রদান প্রতিশ্রুতিতে অফিস প্রধানের পরিবর্তে কমিটির সকলের স্বাক্ষর থাকতে হবে;

গ. আওতাধীন অফিসসমূহের সেবাসমূহ লিংক করে দেয়া যেতে পারে;

ঘ. জিআরএস অংশ সঠিক করা প্রয়োজন।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:**

ক. সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রথম পৃষ্ঠার প্রয়োজন নাই;

খ. লেখার সব ফন্ট একইরকম করতে হবে, লেখার এলাইন্টমেন্ট সঠিক রাখা প্রয়োজন;

গ. আওতাধীন অফিসসমূহের সেবাসমূহ লিংক করে দিতে হবে;

ঘ. জিআরএস অংশ সঠিক করা প্রয়োজন;

ঙ. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম উল্লেখ করা প্রয়োজন।

উপরিল্লিখিত পর্যালোচনাপূর্বক বিষয় নিয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে প্রয়োজনীয় সংশোধন স্বল্প সময়ের মধ্যে হালনাগাদকরণের জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**১.২ সিদ্ধান্তঃ**

(ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে কতিপয় সেবাসমূহের ক্রম ঠিক করা;

(খ) বহিরাগমন-৩ শাখার ১২ ক্রমে উল্লিখিত সেবার নাম স্পষ্টীকরণের জন্য 'স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র' এর পরবর্তে 'স্পেনে গমনেচ্ছু/অবস্থানরতদের পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান' আকারে হালনাগাদ

করা;

(গ) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে দায়িত্বপ্রাপ্ত কমকর্তার অংশে কর্মকর্তা নাম, পদবি, ফোন, ই-মেইল হালনাগাদ করা;

(ঘ) এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি সভার আলোচনা মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে হালনাগাদ করা;

(ঘ) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত/হালনাগাদের সময় জিআরএস অংশসহ সকল ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হ্যান্ডবুক অনুসরণ করা।

**২.০ আলোচ্য বিষয়ঃ বিবিধ।**

**২.১ আলোচনাঃ** সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান সেবার ফরম এবং অনলাইন সেবার লিংক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভূক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবার ফরম এবং অনলাইন সেবার লিংক সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভূক্ত করে পিডিএফ ফাইল আকারে ওয়েবসাইটে প্রকাশ এবং স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসেবে সংরক্ষণের জন্য সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**২.২ সিদ্ধান্তঃ**

(ক) সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান সেবার ফরম এবং অনলাইন সেবার লিংক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভূক্তপূর্বক পিডিএফ ফাইল আকারে ওয়েবসাইটে প্রকাশ;

(খ) ত্রৈমাসিক ভিত্তিতে স্ব স্ব অফিসের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে সংরক্ষণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ইসরাত চৌধুরী
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.২৩০

তারিখ: ৪ পৌষ ১৪২৯
১৯ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ (সভার সিদ্ধান্ত মোতাবেক স্ব স্ব অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার অনুরোধসহ)

৩) যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৪) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার